THE BANGLADESH OBSERVER

34

তারিখ JAN 31 2000
পৃষ্ঠা ... কলাম ...

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

পাঠ্যপুস্তক ভবন
৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

তাং- ২৭/১/২০০০

## প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত সম্পূরক পঠন সামগ্রী (পুস্তক) এর হ্রস্ব তালিকা (সর্ট লিস্ট) প্রণয়নের উদ্দেশ্যে প্রদত্ত বিজ্ঞপ্তি নং-৮

এতদ্বারা পুস্তক প্রকাশক, পুস্তক বিক্রেতা ও ডিস্ট্রিবিউটারদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্পের আওতায় প্রাথমিক স্তরের (১ম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত) শিক্ষার্থীদের জন্য বেশ কিছু সম্পূরক পঠন সামগ্রী (যা বাধ্যতামূলক বিষয় নয় এমন) ক্রয় করা হবে। এজন্য উদ্দিষ্ট শিক্ষার্থীদের উপযোগী সম্পূরক সামগ্রীর একটি সংক্ষিপ্ত তালিকা প্রণীত হতে যাচ্ছে। এ সব পঠন সামগ্রীর প্রকৃতি ও বৈশিষ্ট্য নিম্নরূপ হবে।

গ্রুপ-১ প্রথম ও দ্বিতীয় শ্রেণীর সম্পূরক পঠন সামগ্রীর সম্ভাব্য বৈশিষ্ট্যাবলী নিম্নরূপ হতে পারে-

ক) জীবন ঘনিষ্ঠ বিষয়ে আকর্ষণীয় ছবির বই।
খ) পরিপার্শ্ব চেতনা ও কৌতুহল উদ্দীপক নীতিকথা বিশিষ্ট ছড়ার বই।
গ) বিচিত্র পশু-পাখির ছবি সম্বলিত পুস্তক।
ঘ) চিত্তাকর্ষক ছবি সম্বলিত বিজ্ঞান বিষয়ক পুস্তক।
ঙ) মুক্তিযুদ্ধের উপর ছড়া, গল্প ও কবিতার বই।
চ) শিষ্টাচার ও সদাচারে উদ্বুদ্ধ করতে পারে এমন বই।

গ্রুপ-২ তৃতীয় থেকে পঞ্চম শ্রেণীর সম্পূরক পঠন সামগ্রীর সম্ভাব্য বৈশিষ্ট্যাবলি নিম্নরূপ হতে পারে-

ক) মহৎ ব্যক্তিদের জীবন কাহিনী।
খ) শিশুতোষ বীরত্ব গাঁথা।
গ) পরিবেশ বিষয়ক জ্ঞান সমৃদ্ধ পুস্তক।
ঘ) সৃষ্টিশীল গল্প ও কল্পকাহিনী।
ঙ) স্বদেশ প্রেম, মুক্তিযুদ্ধের উপর লিখিত বই, মুক্তিযুদ্ধের চেতনা সমৃদ্ধকারী পুস্তক।
চ) সৎনীতি ও মানবিক মূল্যবোধ জাগ্রতকারী কবিতা / গল্প / ছড়ার বই।
ছ) শিষ্টাচার ও সদাচারে উদ্বুদ্ধ করতে পারে এমন বই।
জ) ভ্রমণ কাহিনী বিষয়ক পুস্তক।
ঝ) গাণিতিক ধাঁ ধাঁ সম্বলিত পুস্তক।
ঞ) আবিষ্কার ও আবিষ্কারকদের সম্পর্কিত বই।
ট) জনকল্যাণকর এবং পরিশীলিত ধর্মীয় মূল্যবোধ সৃষ্টি করে এমন বই।
ঠ) নাগরিক কর্তব্য ও দায়িত্ব বিষয়ক বই।
ড) সাধারণ জ্ঞানের পুস্তক।
ঢ) নানাদেশের বাস্তব জীবন চিত্র বিষয়ক পুস্তক।
ণ) নির্মল হাস্যরস ও কৌতুক মিশ্রিত (শিশুতোষ) জ্ঞানের বই।
ত) ফল, ফুল, শাক-সব্জি ও মৌমাছির চাষ সম্পর্কিত পুস্তক।
থ) হাঁস-মুরগী ও গরু-ছাগল পালন সংক্রান্ত ছবি সম্বলিত পুস্তক।
দ) ধান ক্ষেতে মাছের চাষ সম্পর্কিত পুস্তক / মৎস্য চাষ সম্পর্কিত পুস্তক।
ধ) প্রাকৃতিক বিজ্ঞানের বিচিত্র কাহিনী।

উল্লিখিত প্রকারের সম্পূরক পঠন সামগ্রী (পুস্তক) সরবরাহে আগ্রহী পুস্তক প্রকাশক, পুস্তক বিক্রেতা, পুস্তক সরবরাহকারীগণকে তাঁদের পুস্তকের নাম তালিকাভুক্তির জন্য ১৭ই ফেব্রুয়ারী ২০০০ তারিখের মধ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা এর চেয়ারম্যান মহোদয় বরাবরে আবেদন করার অনুরোধ করা হল। আবেদনকারী প্রত্যেকটি সম্পূরক পঠন সামগ্রীর (পুস্তক) অফেরৎযোগ্য ২(দুই) টি নমুনা কপিসহ নির্ধারিত গ্রুপ উল্লেখ পূর্বক নিম্নবর্ণিত ছক পূরণ করে আবেদনপত্র পেশ করবেন।

| বই এর ক্রমিক নং | গ্রুপ | লেখকের নাম | পুস্তকের নাম | প্রকাশক | প্রকাশকাল |
|---|---|---|---|---|---|
| | | | | | |

আবেদনপত্র জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ৭ম তলায় গ্রন্থাগারে অফিস চলাকালীন সময়ে গ্রহণ করা হবে। সম্পূরক পঠন সামগ্রীর হ্রস্ব তালিকা (সর্ট লিস্ট) প্রণয়নের পর তা অনুমোদনের জন্য প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে প্রেরন করা হবে। চূড়ান্ত অনুমোদন লাভের পর সংশ্লিষ্ট প্রকল্প থেকে সরকারী বিধি মোতাবেক পুস্তকসমূহ ক্রয়ের ও উদ্দিষ্ট বিদ্যালয়ে তা সরবরাহের ব্যবস্থা নেওয়া হবে।

বিঃ দ্রঃ ১ম ও ২য় শ্রেণীর জন্য পুস্তকের পরিমাপ- ডবল ক্রাউন সাইজ, সর্বোচ্চ ৪৮ পৃষ্ঠা এবং অক্ষরের মাপ-২০ পয়েন্ট। ৩য়-৫ম শ্রেণীর জন্য পুস্তকের পরিমাপ-ডবল ক্রাউন-সাইজ সর্বোচ্চ ৬৪ পৃষ্ঠা এবং ডবল ডিমাই সাইজ সর্বোচ্চ ৯৬ পৃষ্ঠা, অক্ষরের মাপ-১৮ পয়েন্ট ও ১৬ পয়েন্ট।

**(প্রফেসর মু. রিয়াজুল ইসলাম)**
সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম)
ও
সদস্য সচিব, সম্পূরক পঠন সামগ্রী নির্বাচন বিষয়ক উপ-কমিটি
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

জিসি-৬১১১